দৈনিক
ইত্তেফাক

তারিখ 05 OCT 2002
পৃষ্ঠা ১৮ কলাম ৭

# ১৪০টি কলেজ ব্ল্যাকলিস্টেড

দিঘলিয়া (খুলনা) থেকে সংবাদদাতা ॥ জাতীয় বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী ছাত্র-ছাত্রী না থাকার কারণে খুলনা বিভাগের ৩৩টিসহ সারা দেশে ১৪০টি ডিগ্রী কলেজকে কালো তালিকাভুক্ত করা হচ্ছে। পাশাপাশি ৫৫টি কলেজে ডিগ্রী কোর্স বন্ধ করে দেয়া হতে পারে। সংশ্লিষ্ট একটি নির্ভরযোগ্য সূত্রে জানা যায়, গত বছর দেশের যে সকল ডিগ্রী কলেজে ৩০ জনের কম ছাত্র-ছাত্রীপরীক্ষা দিয়েছে তাদের কালো তালিকাভুক্ত করা হচ্ছে। এই ধরনের কলেজের সংখ্যা ১৪০টি। এর মধ্যে খুলনা বিভাগে রয়েছে ৩৩টি। ঐই ১৪০টি কলেজকে প্রাথমিকভাবে শোকজ করা হবে বলে সূত্র জানায়। সন্তোষজনক জবাব পাওয়া গেলে এসব কলেজকে ১ বছর সময় দেয়া হতে পারে ছাত্র সংখ্যা বৃদ্ধি করার জন্য। অপরদিকে যেসব কলেজ থেকে ১০ জনের কম পরীক্ষার্থী ডিগ্রী পরীক্ষায় অংশ নিয়েছে তাদেরও তালিকা করা হয়েছে। এই তালিকায় রয়েছে ৫৫টি কলেজ। এই ৫৫টি কলেজের তালিকা জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ব্যানবেইজে প্রেরণ করবে এদের বেতন ভাতা বন্ধ করার জন্য। এসব কলেজ থেকে ডিগ্রী কোর্স তুলে দেয়া হবে বলে সূত্র জানায়। সূত্রে আরও জানা যায়, যেসব সাবজেক্টে ১৫ জনের নীচে ছাত্র-ছাত্রী থাকবে ঐসব সাবজেক্ট বন্ধ করে দেয়া হবে। তাছাড়া কোন সাবজেক্টে ছাত্র না থাকলে ঐ সাবজেক্টের অনুমোদন বাতিল করা হবে বলে সূত্র জানায়।

এদিকে এই খবর ছড়িয়ে পড়ার সাথে সাথে যেসব কলেজে জাতীয় বিশ্ববিদ্যালয়ের নীতিমালা অনুযায়ী ছাত্র-ছাত্রী নেই ঐসব ডিগ্রী কলেজের শিক্ষকদের মধ্যে চাকুরী হারাবার আতংক বিরাজ করছে। অনেক শিক্ষক ডোনেশনের নামে ১ থেকে ২ লাখ টাকা দিয়ে চাকরি নিয়েছেন। অনেকের আবার সরকারি চাকরির বয়স পার হয়ে গেছে। আর এ কারণে চাকরি হারাবার আশংকা এখন তাদের তাড়া করে ফিরছে।